

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৮০১

১৮/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৮/১৬, আল্লাহর পথে শহীদ হওয়ার ফয়লাত

بَابِ فَضْلِ الشَّهَادَةِ فِي سَبِيلِ اللَّهِ

আরবী

حَدَّثَنَا عَلَيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا أَبُو مُعاوِيَةَ، حَدَّثَنَا الْأَعْمَشُ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُرَّةَ، عَنْ مَسْرُوقٍ، عَنْ عَبْدِ اللَّهِ، فِي قَوْلِهِ (وَلَا تَحْسِبَنَّ الَّذِينَ قُتُلُوا فِي سَبِيلِ اللَّهِ أَمْوَاتًا بَلْ أَحْيَاءً عِنْدَ رَبِّهِمْ يُرْزَقُونَ) قَالَ أَمَا إِنَّا سَأَلْنَا عَنْ ذَلِكَ فَقَالَ "أَرْوَاهُمْ كَطِيرٌ خُضْرٌ تَسْرَحُ فِي الْجَنَّةِ فِي أَيِّهَا شَاءَتْ ثُمَّ تَأْوِي إِلَى قَنَادِيلَ مُعْلَقَةً بِالْعَرْشِ فَبَيْنَمَا هُمْ كَذِلِكَ إِذَا طَلَّعَ عَلَيْهِمْ رَبُّكَ اطْلَاعَةً فَيَقُولُ سَلُوْنِي مَا شِئْتُمْ . قَالُوا رَبَّنَا وَمَاذَا نَسْأَلُكَ وَنَحْنُ نَسْرَحُ فِي الْجَنَّةِ فِي أَيِّهَا شِئْنَا فَلَمَّا رَأَوْا أَنَّهُمْ لَا يُتَرَكُونَ مِنْ أَنْ يَسْأَلُوا قَالُوا نَسْأَلُكَ أَنْ تَرْدَ أَرْوَاهُنَا فِي أَجْسَادِنَا إِلَى الدُّنْيَا حَتَّى نُقْتَلَ فِي سَبِيلِكَ . فَلَمَّا رَأَى أَنَّهُمْ لَا يَسْأَلُونَ إِلَّا ذَلِكَ تُرْكُوا" .

বাংলা

৪/২৮০১। আবদুল্লাহ (রাঃ) থেকে আল্লাহর তাত্ত্বিক বর্ণিত বাণী সম্পর্কে বর্ণিতঃ ”যারা আল্লাহর পথে নিহত হয়েছে তাদেরকে তোমরা কখনো মৃত মনে করো না, বরং তারা জীবিত এবং তাদের প্রতিপালকের নিকট থেকে তারা রিয়িকপ্রাণ” (সূরা আল ইমরানঃ ১৬৯)। তিনি বলেন, আমরা উক্ত আয়াতের তাৎপর্য জিজেস করলে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ শহীদগণের রূহ সবুজ পাথির ন্যায় স্বাধীনভাবে জাগ্নাতে যত্রত্ব উড়ে বেড়ায় এবং আরশের সাথে ঝুলন্ত ফানুসের মধ্যে বিশ্রাম গ্রহণ করে। একদা তাদের রূহসমূহ ঐ অবস্থায় থাকাকালে তোমার প্রতিপালক তাদের নিকট উদ্ভাসিত হয়ে বলেন, তোমরা যা ইচ্ছা আমার নিকট চাও।

তারা বললো, আমাদের প্রতিপালক! আমরা আপনার নিকট আর কি চাবো! আমরা তো স্বাধীনভাবে জাগ্নাতের যেখানে ইচ্ছা ঘুরে বেড়াই। তারা যখন দেখলো যে, কিছু না চাওয়া পর্যন্ত তাদেরকে ছাড়া হচ্ছে না, তখন তারা বললো, আমরা আপনার নিকট চাই যে, আপনি আমাদের দেহে আমাদের রূহ ফেরত দিয়ে আমাদেরকে দুনিয়াতে পাঠাবেন, যাতে আমরা আপনার রাস্তায় জিহাদ করতে পারি। আল্লাহ যখন দেখলেন যে, তারা কেবল এটাই চাচ্ছে, তখন তাদেরকে (স্ব স্ব অবস্থায়) ত্যাগ করা হলো।

English

It was narrated from 'Abdullah concerning the Verse:
“Think not of those as dead who are killed in the way of Allah. Nay, they are alive, with their Lord, and they have provision,”[3:169] that he said: “We asked about that, and (the Prophet ﷺ) said: ‘Their souls are like green birds that fly wherever they wish in Paradise, then they come back to lamps suspended from the Throne. While they were like that, your Lord looked at them and said, “Ask me for whatever you want.” They said: “O Lord, what should we ask You for when we can fly wherever we wish in Paradise?” When they saw that they would not be left alone until they had asked for something, they said: “We ask You to return our souls to our bodies in the world so that we may fight for Your sake (again).” When He saw that they would not ask for anything but that, they were left alone.””

ফুটনোট

মুসলিম ১৪৮৭, তিরমিয়ী ৩০১১, দারেমী ২৮২২, সহীহাহ ২৬৩৩।

তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ তাওয়াইদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43417>

৬ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন